

“এমবিবিএস ভর্তি বিজ্ঞপ্তি”

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৩.৩১ (এমবিবিএস ৪র্থ মাইগ্রেশন), ২০২৩.৬৫৮ তারিখ ৪- ১০/০৮/২০২৩ ইং মোতাবেক মাগুরা মেডিকেল কলেজ, মাগুরায় ২০২২-২০২৩ ইং শিক্ষাবর্ষে ১ম বর্ষ এম.বি.বি.এস. কোর্সে ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৬/০৮/২০২৩ ইং তারিখ হতে ২০/০৮/২০২৩ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সরকারী ছুটির দিন ব্যতীত) ভর্তি এবং ৪র্থ মাইগ্রেশনের আবেদন এর কার্যক্রম সম্পন্ন হইবে। নির্বাচিত ছাত্র-ছাত্রীগণ সকাল ৮.০০-৯.০০ ঘটিকার মধ্যে সফটভেন্ট শাখা থেকে ভর্তি ফরম সংগ্রহ করে সঠিকভাবে পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ যাচাই-বাছাই কমিটির নিকট জমা দিতে হবে এবং একই দিনে কাগজপত্র যাচাই-বাছাই ও স্বাস্থ্য পরীক্ষা করা হবে।


ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্রের মূল কপি জমা দিতে হবে :

১.	২০২২-২০২৩ খ্রিঃ শিক্ষাবর্ষে এমবিবিএস পরীক্ষার মূল প্রবেশ পত্র
২.	এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট।
৩.	এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাশের মূল সনদপত্র/ প্রশংসা পত্র
৪.	০৪ (চার) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
৫.	জেলা কোটার দাবীর ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্বের মূল সনদপত্র।
৬.	পার্বত্য জেলায় উপ-জাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদপত্র ও উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র। অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোর্ড প্রদান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র।
৭.	মহান মুক্তিযুদ্ধে অংশ গ্রহনের স্বপক্ষে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ৪- ১৮/১০/২০২০ ইং- মূলে প্রকাশিত পরিপত্র এবং সরকার কর্তৃক জারিকৃত বিধি বিধান অনুযায়ী প্রমানক। (মুক্তিযোদ্ধার নাতি/নাতনির ক্ষেত্রে সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত ওয়ারিশ কাম সনদ পত্র দাখিল করিতে হবে)।
৮.	প্রয়োজনে সংশ্লিষ্ট সরকারি মেডিকেল কলেজের অধ্যক্ষ কর্তৃক যাচিত অন্যান্য প্রমানক

উল্লেখ্য যে, নির্ধারিত কমিটি কর্তৃক ভর্তি সংক্রান্ত কাগজপত্র যাচাই-বাছাই করার পর স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত বলে বিবেচিত হলে এবং ভর্তি ফি বাবদ নগদ ২৩,০৮৫/- (তেইশ হাজার পঁচাত্তর) টাকা জমা দেওয়া সাপেক্ষে ভর্তি করা হবে।

ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য জানতে (সকাল ৯.০০ ঘটিকা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত) নিম্নোক্ত নাম্বারে কল করুন :

মোবাইল নং- ১। ০১৭১২-৪৩৪১৫৯
২। ০২৪৭৭১১১৪৪ (অফিস)


(অধ্যাপক ডাঃ মোঃ কামরুল হাসান)
অধ্যক্ষ
মাগুরা মেডিকেল কলেজ, মাগুরা।
তাং- ১৩/০৮/২০২৩ খ্রিঃ।

স্মারক নং-মামেক/মাগুরা/ভর্তি/২০২২-২০২৩/২০২৩/

অনুলিপি সদয় অবগতির/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ-

- ১। পরিচালক, চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। অফিস নথি।

অধ্যক্ষ
মাগুরা মেডিকেল কলেজ, মাগুরা।